**স্নাতক (সম্মান/ইঞ্জি.) প্রথম বর্ষ প্রথম সেমিস্টার ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬**
**শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ৩১১৪, বাংলাদেশ**
(সভাপতি), ই-মেইল: makc@sust.edu মোবাইল: ০১৭১৪২২৭৪৫৬
(সদস্য সচিব) ই-মেইল: salim-che@sust.edu মোবাইল: ০১৭০৫১২২০০৩

স্মারক নম্বর: ভর্তি/২০২৫-২০২৬/০১ তারিখ: ৩০/১১/২০২৫

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

প্রেস বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জি:) প্রথম বর্ষ প্রথম সেমিস্টার ভর্তি পরীক্ষা

২০২৪ অথবা ২০২৫ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সমমান এবং ২০২২ অথবা ২০২৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল/সমমান পরীক্ষাতে উত্তীর্ণ শিক্ষার্থীরা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান/ইঞ্জি:) প্রথম বর্ষ প্রথম সেমিস্টার ভর্তির জন্য আবেদন করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৩.০ সহ মোট ৬.৫ থাকতে হবে এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় গণিতে ন্যূনতম GPA ৩.০ (A লেভেলের ক্ষেত্রে ন্যূনতম C গ্রেড) থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৩.০ সহ মোট ৬.০ থাকতে হবে।

এছাড়া ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২০ অথবা ২০২১ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। GCE এর ক্ষেত্রে IGCSE (O লেভেল) এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং IAL (A লেভেল) এ কমপক্ষে ১টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে।

আগামী ০৮ ডিসেম্বর ২০২৫ থেকে ২০ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট https://admission.sust.edu.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদনকারী অনলাইনে আবেদন পূরণকালীন সময়ে ফি Confirm (নিশ্চিতকরণ) করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য Admit card ডাউনলোড করতে পারবে। আবেদন করার নিয়ম, বিস্তারিত তথ্য, আবেদন ফি এবং জমা দেয়ার পদ্ধতি ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচী নিম্নরূপ:**

| Unit | তারিখ | বার | সময় |
|---|---|---|---|
| A (বিজ্ঞান) | ১৩/০১/২০২৬ | মঙ্গলবার | ০৩.০০ - ০৪.৩০ |
| B (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য) | ১৪/০১/২০২৬ | বুধবার | ০৩.০০ - ০৪.৩০ |

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফি নিম্নরূপ:**

| Unit | | পরীক্ষার ফি |
|---|---|---|
| A | A1 (বিজ্ঞান) | ১,২৫০.০০ (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা। |
| | A2 (বিজ্ঞান + আর্কিটেকচার) | ১,৪০০.০০ (এক হাজার চারশত) টাকা। |
| B (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য) | | ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা। |

বিঃ দ্রঃ বিশেষ প্রয়োজনে ভর্তি কমিটি যে কোন তথ্য পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারে।

ধন্যবাদান্তে,

**(অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম)**
সদস্য সচিব
স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।